দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUL 26 1999

পৃষ্ঠা ৪ কলাম ৩

## প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের গেজেটেড অফিসার ও নন-গেজেটেড কর্মচারীদের নিয়োগ বিধিমালা, ১৯৮৫ সংশোধন প্রসঙ্গে

প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন পি,টি,আইসমূহের ইন্সট্রাকটর পদকে ১৮/১/৯৬ তারিখ হইতে প্রথম শ্রেণীর গেজেটেড পদে উন্নীত করা হইয়াছে। ইহার পরিপ্রেক্ষিতে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের গেজেটেড অফিসার ও নন-গেজেটেড কর্মচারীদের নিয়োগ বিধিমালা, ১৯৮৫-এর ইন্সট্রাকটর পদের সংশ্লিষ্ট ধারাগুলি (৩৫,৩৫ক,৩৫খ, ৩৬,৩৭,৩৮ ও ৩৯) সংশোধনের প্রস্তাব অনুমোদনের জন্য সংস্থাপন মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন রহিয়াছে। বিশ্বস্ত সূত্রে জানিতে পারিলাম যে, সংশোধনের জন্য প্রেরিত প্রস্তাবে সাত ধরনের ইন্সট্রাক্টর পদের শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে সমতা (ইউনিফরমিটি) রক্ষা করা হয় নাই। কোন কোন ক্ষেত্রে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর, কোন কোন ক্ষেত্রে দ্বিতীয় শ্রেণীর এম,এড, এমনকি দ্বিতীয় শ্রেণীর স্নাতকসহ বি,এড ডিগ্রী ইত্যাদির প্রস্তাব করা হইয়াছে। প্রকৃতপক্ষে সাত ধরনের ইন্সট্রাকটর পদের স্কেল সমান (বর্তমান জাতীয় বেতন ১৯৯৭-এর নয় নম্বর গ্রেড ৪৩০০-১৮৫-৫৫৯৫-১৯৫-৭৭৪০) বিধায় সাত ধরনের ইন্সট্রাকটর পদের শিক্ষাগত যোগ্যতা একই হওয়া বাঞ্ছনীয়।

সম্প্রতি প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ কর্তৃক সহকারী থানা শিক্ষা অফিসার পদকে দ্বিতীয় শ্রেণীর গেজেটেড পদে উন্নীত করিয়া উপরে বর্ণিত একই বিধিমালা ১৯/১২/৯৪ তারিখে সংশোধন করা হইয়াছে; যেখানে সহকারী থানা শিক্ষা অফিসার দ্বিতীয় শ্রেণীর গেজেটেড পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা দ্বিতীয় শ্রেণীর স্নাতকসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী করা হইয়াছে, সেক্ষেত্রে প্রথম শ্রেণীর গেজেটেড ইন্সট্রাকটর পদের শিক্ষাগত যোগ্যতা কোন যুক্তিতেই দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীর কম হইতে পারে না। দ্বিতীয়ত, দ্বিতীয় শ্রেণীর এমএড বা মাস্টার-ইন-এডুকেশন কোন অবস্থায় দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীর সমমানের ডিগ্রী হইতে পারে না। স্নাতকোত্তর ডিগ্রী এস,এস,সি পাসের পর ছয় বৎসর মেয়াদী রেগুলার ডিগ্রী। কিন্তু বি,এড, এম,এড/শিক্ষায় মাস্টার্স ইত্যাদি ডিপ্লোমা যাহার প্রাপ্তির মেয়াদকালও এস,এস,সি পর ছয় বৎসর নয়। রেগুলার ডিগ্রী ও ডিপ্লোমা ডিগ্রী এক নয়। অতএব, এই আলোচনার পরিপ্রেক্ষিতে সাত ধরনের ইন্সট্রাকটর পদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতায় নিম্নরূপভাবে নির্ধারণ করার প্রস্তাব রাখিতেছিঃ ১। (৩৫) ইন্সট্রাকটর (সাধারণ)ঃ হিউমিনিটিস অথবা সোশাল সায়েন্স অনুষদের যে কোন বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক/স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী এবং তৎসহ দ্বিতীয় শ্রেণীর বিএড/ডিপ্লোমা-ইন-এডুকেশন অথবা সমমানের,

২। (৩৫ক) ইন্সট্রাকটর (স্বাস্থ্য ও পুষ্টি বিজ্ঞান)ঃ গার্হস্থ্য অর্থনীতি (পুষ্টিবিজ্ঞানসহ)/জীববিজ্ঞান/রসায়নশাস্ত্র দ্বিতীয় শ্রেণীর স্নাতক/স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণীতে স্নাতকোত্তর ডিগ্রী এবং তৎসহ ২য় শ্রেণীর বি,এড/ডিপ্লোমা-ইন-এডুকেশন অথবা সমমানের,

শ্রেণীর স্নাতক/স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী এবং তৎসহ দ্বিতীয় শ্রেণীর বিএড/ ডিপ্লোমা-ইন-এডুকেশন অথবা সমমানের,

৫। (৩৭) ইন্সট্রাকটর (কৃষি)ঃ এগ্রিকালচার/ উদ্ভিদবিদ্যা/ প্রাণীবিদ্যা/ মৃত্তিকা বিজ্ঞান বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক/স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী এবং তৎসহ দ্বিতীয় শ্রেণীর বিএড/ডিপ্লোমা-ইন-এডুকেশন অথবা সমমানের,

৬। (৩৮) ইন্সট্রাকটর (শরীর চর্চা)ঃ হিউমিনিটিস/সায়েন্স/সোশাল সায়েন্স/বাণিজ্য অনুষদের যে কোন বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক/স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী এবং তৎসহ দ্বিতীয় শ্রেণীর বিএড/ডিপ্লোমা-ইন-এডুকেশন অথবা সমমানের,

৭। (৩৯) ইন্সট্রাকটর (চারু ও কারু)ঃ ফাইন আর্টস বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক/স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী এবং তৎসহ দ্বিতীয় শ্রেণীর বিএড/ডিপ্লোমা-ইন-এডুকেশন অথবা সমমানের। বিশেষ ক্ষেত্রে, সরাসরি নিয়োগ/পদোন্নতির ক্ষেত্রে বিএড/ডিপ্লোমা-ইন-এডুকেশন ছাড়া নিয়োগ দেওয়া যাইতে পারে; তবে নিয়োগপ্রাপ্তির ৩/৪ বৎসরের মধ্যে বাধ্যতামূলকভাবে বিএড/ডিপ্লোমা-ইন-এডুকেশন ডিগ্রী অর্জন করিতে হইবে। প্রাইমারী টিচার্স ট্রেনিং ইন্সটিটিউটের শিক্ষার গুণগত মান উন্নয়নের স্বার্থে উল্লিখিত বিষয়টি বিবেচনার জন্য সংশ্লিষ্ট সকল মহলের প্রতি বিনীত আবেদন জানাইতেছি।

মোঃ আবদুর রহমান,
১০৯, শোলক বহর, পাঁচলাইশ,
চট্টগ্রাম।